



নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/২১৯/২০২৬/১৪৭৭৬

১৪ অক্টোবর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত স্থায়ী ও শূন্যপদের বিপরীতে কর্মকর্তা ও কর্মচারী পদ পূরণের লক্ষ্যে বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রাপ্ত বয়স্ক বাংলাদেশের নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

ক্রম	পদের নাম ও বেতন কাঠামো (জাতীয় বেতন কাঠামো ২০২৬)	শূন্য পদ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	সহকারী লাইব্রেরিয়ান (গ্রেড-৭, জাতীয় বেতন কাঠামো ২০২৬) কেন্দ্রীয় গ্রন্থাগার	০১টি	শিক্ষাগত যোগ্যতা: লাইব্রেরী সায়েন্সে ৪ বছর মেয়াদী স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি/লাইব্রেরী সায়েন্সে ৩ বছর মেয়াদী সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর/লাইব্রেরী সায়েন্সে স্নাতকোত্তর; স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সিজিপিএ-২.৫০ থাকতে হবে। লাইব্রেরী সায়েন্সে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে প্রথম শ্রেণী/সিজিপিএ-৩.০ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৫০ থাকতে হবে। অভিজ্ঞতা: কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরীতে কর্মকর্তা হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
০২	ল্যাব টেকনিশিয়ান (গ্রেড-১১তম, জাতীয় বেতন কাঠামো ২০২৬) আইসিই বিভাগ	০১টি	শিক্ষাগত যোগ্যতা: ০১. এসএসসি ও এইচএসসিতে (বিজ্ঞান) দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৫০ সহ বিএসসি পাশ হতে হবে। ০২. আইটি/আইসিটি বিষয়ে ০৩ (তিন) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতা: আইটি/আইসিটি ল্যাবরেটরীতে প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ প্রার্থীদের বেলায় শিক্ষাগত যোগ্যতা/বয়স শিথিল করা যেতে পারে। বয়স: অনূর্ধ্ব ৩২ বছর। বি.দ্র.: নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১৯১/২০২৬/১৪৩৯৭, তারিখ: ০২ আগস্ট ২০২৬ স্মারকের আলোকে যারা আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
০৩	অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিষ্ট (গ্রেড-১৬, জাতীয় বেতন কাঠামো ২০২৬)	০১টি	শিক্ষাগত যোগ্যতা: সর্বমুঠে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৫০ সহ কমপক্ষে এইচএসসি পাশ। বাংলা ও ইংরেজীতে কম্পিউটারে কাজ করার সক্ষমতা ও সনদ আবশ্যিক। বয়স: অনূর্ধ্ব ৩২ বছর।
০৪	অফিস সহায়ক (গ্রেড-২০, জাতীয় বেতন কাঠামো ২০২৬)	০১টি	শিক্ষাগত যোগ্যতা: দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৫০ সহ এসএসসি/সমমান পাশ। বয়স: অনূর্ধ্ব ৩২ বছর।

(স্বাক্ষর)

আবেদনের শর্তাবলী:

১. কর্মকর্তা ও কর্মচারী পদে অগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে স্বহস্তে/কম্পিউটার কম্পোজ করে আবেদন করতে হবে।
২. উপরোক্ত কর্মকর্তা ও কর্মচারী পদে আগামী ০৫ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়) রেজিস্ট্রার বরাবর ৭ম গ্রেড পদে আবেদনকারীদের ০৮ সেট এবং ১১, ১৬ ও ২০তম গ্রেড পদে আবেদনকারীদের ০৬ সেট আবেদনপত্র A4 সাইজ খামে সরাসরি/ডাকযোগে জমা দিতে হবে। প্রতি সেট আবেদনপত্রের সঙ্গে (ক) জাতীয় পরিচয়পত্র (খ) পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত রঙিন ছবি (গ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি এবং (ঘ) বায়োডাটা সংযুক্ত করতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।
৩. প্রত্যেক প্রার্থীকে খামের উপর তাঁর নাম-ঠিকানা ও প্রার্থিত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।
৪. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীদের নোবিপ্রবি আয় হিসাব নম্বর ০২০০০০৫৩২৬৫৮৪, অগ্রহী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা এর বিপরীতে (অফেরতযোগ্য) ৭ম গ্রেড পদের জন্য ২০০.০০ (দুইশত) টাকা, ১১তম গ্রেড পদের জন্য ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা, ১৬তম গ্রেড পদের জন্য ১০০.০০ (একশত) টাকা ও ২০তম গ্রেড পদের জন্য ৫০.০০ (পঞ্চাশ) টাকার পে-অর্ডার/অনলাইনে জমা প্রদান পূর্বক মূল রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করে রশিদের ক্রমিক নম্বর আবেদনে উল্লেখ করতে হবে।
৫. MPQ (Minimum Prescribe Qualification) শর্ত পূরণ সাপেক্ষে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিল করা যেতে পারে।
৬. কোন প্রার্থীর বয়স গণনার সর্বশেষ সীমা হিসেবে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত আবেদনপত্র জমাদানের শেষ তারিখ বিবেচিত হবে।
৭. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়।
৮. চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে বিদেশে চাকরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনের বাধ্যবাধকতা নেই।
৯. কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে সরকারি নিয়ম অনুসরণ করা হবে।
১০. আবেদনকারীকে আবেদন পত্রে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং প্রার্থীর তথ্য গোপনের কারণে আবেদনপত্র বাতিলসহ যথাযথ আইনগত ব্যবস্থা নেওয়া হবে।
১১. কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন অংশের পরিবর্তন/পরিবর্ধন বা সম্পূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা রাখে।
১২. আবেদন বিবেচনা এবং নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
১৩. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্যে প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৪. বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিধি এবং প্রযোজ্য অন্যান্য সরকারি নিয়ম ও আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।
১৫. নির্বাচিত প্রার্থীকে মেডিকেল ডোপ টেস্টে উত্তীর্ণ হতে হবে।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী-৩৮১৪